দর্শনায় নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন: ১ জনের কারাদণ্ড ও ৬ জনের জরিমানা

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় নির্বাচন চলাকালীন কেন্দ্রের মধ্যে আচরণবিধি লঙ্ঘনের দায়ে আরিফুল ইসলাম লাল্টু (৪০) নামের একজনকে ২ বছরের সশ্রম কারাদণ্ড ৩ হাজার টাকা জরিমানা অনাদায়ে ৩ মাসের জেল প্রদান করেছে।

আজ রোববার দুপুর ৩ টার দিকে দর্শনা সরকারী কলেজে ভোট কেন্দ্রের এ ঘটনা ঘটে। সন্ধ্যায় তাকে চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

জানাযায়, গতকাল রোববার দুপুর ৩ টার দিকে দর্শনা সরকারী কলেজ ভোট কেন্দ্রে আচরণ বিধি লঙ্ঘনের দায়ে আরিফুল ইসলাম লাল্টু নামের এক ব্যক্তিকে আটক করে পুলিশ। এসময় তাকে ভ্রাম্যমান আদালতে কারাদন্ড প্রদান ও অর্থ জরিমানা অন্যথায় কারাদন্ডের রায় প্রদান করা হয়।

কারাদন্ড প্রাপ্ত ব্যাক্তি দর্শনা পৌর এলাকার থানাপাড়া মৃত লুৎফর রহমানের ছেলে আরিফুল ইসলাম লাল্টু। তাকে ভোটকেন্দ্রের অভ্যন্তরে সন্ধেহজনক ঘোরাঘুরি ও আচরণ বিধি লঙ্ঘনের দায়ে চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকার নির্বাহী ম্যাজিস্ট্রেট অর্পিতা আক্তার ২ বছরের সশ্রম কারাদণ্ড ৩ হাজার টাকা জরিমানা ও অনাদায়ে ৩ মাসের কারাদন্ড প্রদান করেছে।

এসব উপস্থিত ছিলেন দর্শনা থানার অফিসার্স ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা সহ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা। অন্যদিকে চুয়াডাঙ্গা- ২ নির্বাচন এলাকার নির্বাহী ম্যাজিস্ট্রেট রাবেয়া বসরী দামুড়হুদা সড়কে বিভিন্ন স্থানে অভিযান চালায়। এ সময় সড়ক আইনে ৬ জনকে আচরণ বিধি লঙ্ঘন ও অবৈধ্য মোটরযান চালানোর অপরাধে ৩ হাজার টাকা জরিমানা করেছেন।